

বিএম কলেজের অনিয়ম তদন্তে দুদক || ব্যাংক হিসাব জন্ম

স্টাফ রিপোর্টার, বরিশাল || সরকারী বরিশাল ব্রজমোহন (বিএম) কলেজে সম্মান প্রথম বর্ষের ভর্তিতে অতিরিক্ত টাকা গ্রহণের অভিযোগ তদন্তে নেমেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। দুদকের তিন সদস্যের একটি দল কলেজে গিয়ে ভর্তি সংক্রান্ত কাগজপত্র এবং ব্যাংক হিসাব জন্ম করেছে।

বুধবার সকালে তদন্ত দলের প্রধান রনজয় কুমার জানান, কলেজের শিক্ষকদের বিরুদ্ধে সম্মান প্রথম বর্ষে ভর্তিতে শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগের ভিত্তিতে মন্ত্রণালয়ের নির্দেশে তারা তদন্তে নেমেছেন। তদন্তের প্রথমদিনে তারা মঙ্গলবার কলেজের আটটি বিভাগীয় দফতরে গিয়ে সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই করেন। পরে তারা অধ্যক্ষ শফিকুল ইসলাম সিকদারের সঙ্গে কথা বলে কলেজের ব্যাংক হিসাব নম্বরগুলো যাচাই-বাছাই করে দেখছেন।

জানা গেছে, ২০১৯-২০ শিক্ষাবর্ষে সম্মান প্রথম বর্ষের ভর্তিতে ইনকোর্স ফি বাবদ প্রতি শিক্ষার্থীর কাছ থেকে ২৪০ টাকা করে নেয়া হয়। এভাবে পাঁচ হাজার শিক্ষার্থীর কাছ থেকে ১২ লাখ টাকা আদায় করেছে কলেজ কর্তৃপক্ষ। আদায় করা এ টাকা ব্যাংকে জমা না হওয়ার প্রমাণ পেয়েছে দুদকের তদন্ত দল।

কলেজ অধ্যাপক শফিকুল ইসলাম সিকদার বলেন, দুদকের তদন্ত দলের কাছে প্রয়োজনীয় কাগজপত্র ও ব্যাংকের হিসাব নম্বর দেয়া হয়েছে। তিনি আরও বলেন, ভর্তির সময় সেমিনার ফি রাখা হয়ে থাকে। বিগত সময়গুলোতে প্রতিবছরের সেমিনার ফি প্রতিবছর রাখার কারণে ফরমপূরণের সময় শিক্ষার্থীদের কষ্ট হয়। তাই এবার শুরুতেই চার বছরের সেমিনার ফি একসঙ্গে নেয়া হয়েছে। যা জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকেও অবহিত করা হয়েছে। একত্রে সেমিনার ফি রাখার বিষয়টি সম্পর্কে দুদকের তদন্ত কমিটির কাছে যাবতীয় তথ্য উপস্থাপন করা হয়েছে।

Introducing daily direct flight from Dhaka to Mumbai. Enjoy lowest fares, best deals & more

বিজ্ঞাপন SpiceJet

Learn more

অপরদিকে সাধারণ শিক্ষার্থীরা জানান, বিগত সময়ে অনুষদ অনুযায়ী সেশন ফি প্রতিবছরেরটা প্রতিবছর রাখা হলেও এবারই প্রথম একবারে চার বছরেরটা রাখা হয়েছে। এতে অনুষদ অনুযায়ী কারও দুই হাজার আবার কারও আরও বেশি টাকা একত্রে দিতে হয়েছে।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক ফ্লোর জনকর্ত শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে ফ্লোর প্রিস্টার্স লিঃ ও জনকর্ত লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডি.এ. ৭৯৬।

কার্যালয়: জনকর্ত ভবন,

২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঙ্গল্যান্ড, নিউ ইঙ্গল্যান্ড,

জিপিও বাস্ট: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪ ৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),

ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫

ই-মেইল: janakanthanews@gmail.com

ই-জনকর্ত: www.edailyjanakantha.com

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),

১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright ® All rights reserved by dailyjanakantha.com